

সামিটের পৃষ্ঠপোষকতায় গাজীপুরে নতুন স্কুল ভবন নির্মাণ এবং হস্তান্তর



ছবি ক্যাপশন: সামিটের অর্থায়নে ৩৮ নং কালাকৈর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত তিন-তলা বিশিষ্ট ভবন উদ্বোধন করেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক, এমপি। এসময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মণ্ডলীর সদস্য ও পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি লে. কর্ণেল (অব:) মুহাম্মদ ফারুক খান, এমপি, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অ্যাডভোকেট জাহাঙ্গীর আলম প্রমুখ।

(গাজীপুর, ঢাকা) ৯ই জানুয়ারি ২০২১, শনিবার: আজ গাজীপুরের কড়ডায় অবস্থিত সামিট গাজীপুর বিদ্যুত কেন্দ্র (৪৬৪ মেগাওয়াট) সংলগ্ন এলাকায়, সামিটের অর্থায়নে ৩৮ নং কালাকৈর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত তিন-তলা বিশিষ্ট ভবন উদ্বোধন করেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক, এমপি। এসময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মণ্ডলীর সদস্য ও পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি লে. কর্ণেল (অব:) মুহাম্মদ ফারুক খান, এমপি মহোদয়, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অ্যাডভোকেট জাহাঙ্গীর আলম প্রমুখ। সামিট গ্রুপের অর্থায়ন ও সার্বিক ব্যবস্থাপনায় মোট ৫ কোটি ৫৭ লাখ টাকা ব্যয়ে ০.৮ একর জমির উপর নতুন এই তিন-তলা স্কুল ভবনটি নির্মাণ করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক, এমপি বলেন, "আমরা চাই সামিটের মতো কোম্পানী যারা সততা আর দক্ষতার সাথে কাজ করে। তারা (গাজীপুর) দূত বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করেছে আর পাশাপাশি একটি মসজিদ আর স্কুল তৈরি করে দিয়েছে।"

সামিট গ্রুপের পক্ষ থেকে সামিট গাজীপুর-২ পাওয়ার এবং এইস অ্যালায়েন্স পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মো. মোজাম্মেল হোসেন গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো.মোফাজ্জল হোসেন-কে এই জমিসহ স্কুল ভবনটি হস্তান্তর করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান লতিফ খান, সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক লে. জে. (অব.) প্রকৌশলী আবদুল ওয়াদুদ, গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো.মোফাজ্জল হোসেন, স্থানীয় ও স্কুল কমিটির সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সরকার, ৮ নং কালাকৈর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফারজানা আক্তারসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

এক নজরে বিদ্যালয়ের সামগ্রিক উন্নয়ন কার্যক্রম

বিবরণী	পূর্বে	বর্তমান
জমি	০.৫ একর	০.৮ একর
ভবন	এক-তলা বিশিষ্ট (৩,৫০০ বর্গফুট)	তিন-তলা বিশিষ্ট (১৫,০০০ বর্গফুট)
শ্রেণীকক্ষ	৩০৪ বর্গফুট আকারের চারটি শ্রেণীকক্ষ	৫৪০ বর্গফুট আকারের দশটি শ্রেণীকক্ষ
সাইন্স ল্যাব এবং কম্পিউটার ল্যাবের জন্য নির্ধারিত কক্ষ	ছিল না	উভয়ই বিদ্যমান
গ্রন্থাগার	ছিল না	৫৪০ বর্গফুট
শৌচাগার	(০২) দুই	(১২) বারো
ক্যান্টিন এবং প্যান্ট্রি	ছিল না	৫৪০ বর্গফুট
অভিভাবকদের বিশ্রামাগার	ছিল না	২৭০ বর্গফুট
শিক্ষকদের কক্ষ	(০১) এক	(০২) দুই
সভাকক্ষ	ছিল না	২৭৫ বর্গফুট
সীমানা দেয়াল	ছিল না	লোহার গ্রিল ও আরসিসি-ইটের দেয়াল (উচ্চতা ৮ ফুট)



সামিট সম্পর্কে

সামিট বাংলাদেশের অবকাঠামো খাতের বৃহত্তম প্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে দেশের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদনকারী। দেশের হসপিটালিটি শিল্প, ফাইবার অপটিক্স, টেলিকমিউনিকেশন টাওয়ার, হাইটেক পার্ক, বন্দর ব্যবস্থাপনা, জ্বালানি তেল ইত্যাদি খাতে সামিট ব্যবসা পরিচালনা করে। কর্পোরেট সুশাসনে অবদান রাখার জন্য সামিট ধারাবাহিকভাবে স্বীকৃতি অর্জন করে আসছে।

বিস্তারিত তথ্যের জন্য: www.summitpowerinternational.com

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫